



Vol. 22 | No. 1 | 1978



সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

বাংলা সাহিত্যে উচ্চতর গবেষণা

Volume	22
Issue	1
Year	1978
ISSN	0558-1583
eISSN	3006-886X
Author(s)	মুহম্মদ এনামুল হক
Published online	December 1, 1978
DOI	10.62328/sp.v22i1.8
Link to article	https://doi.org/10.62328/sp.v22i1.8
Pages	194
Publisher	University of Dhaka
Copyright	সাহিত্য পত্রিকা
Designed and Developed by	Zobayer Abdullah

গ্রন্থ-পরিচয়



বাংলা সাহিত্যে উচ্চতর গবেষণা ॥ মোহাম্মদ মনিরুজ্জামান। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত। পৃষ্ঠা ১২+৩৬২। সাইজ: ডিমাই ১/৮। সেপ্টেম্বর ১৯৭৮। মূল্য: তিরিশটাকা।

ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামান ‘বাংলা সাহিত্যে উচ্চতর গবেষণা’ নামক পুস্তকটি এ-যাবৎ আমাদের দেশের বাংলা-সাহিত্যে যত উল্লেখযোগ্য গবেষণা হইয়াছে, সেই তথ্য পরিবেশনমূলক একটি সংকলন-গ্রন্থ। বাংলা-ভাষা ও সাহিত্যের গবেষণা-ক্ষেত্রে এই শ্রেণীর কোন তথ্য-সংকলন গ্রন্থ আমার জ্ঞান মতে এ-যাবৎ সংকলিত হয় নাই, না পশ্চিমবঙ্গে, না বাংলাদেশে। এই জাতীয় গবেষণা-তথ্য-পঞ্জী বিজ্ঞান-শাস্ত্রের প্রত্যেক শাখায় অতি সহজ লভ্য বলিয়া বিজ্ঞানের যে-কোন শাখায় উচ্চতর গবেষণা পরিচালনা ও গবেষণার ক্ষেত্রে নির্বাচন অপেক্ষাকৃত সুসাধ্য হইয়া উঠিয়াছে।

কে, কোথায়, কোন্ বিষয়ে কোন্ কাজ করিয়াছেন, তাহা জানিয়া লইয়া গবেষণার কাজে হাত দিলে, তাহা যেমন পুনরুক্তির হাত হইতে রক্ষা পায়, তেমন তাহার কৃতকার্যতার সম্ভাবনাও বৃদ্ধি পায়। অধিকন্তু, গবেষণালব্ধ জ্ঞানের শেষ নাই বলিয়া এবং একই বিষয়ে নূতন করিয়া গবেষণায় লিপ্ত হইতে কোন বাধা নাই বলিয়া, পূর্বলব্ধ জ্ঞান বা গবেষণা প্রণালী হইতে উদ্যুক্ত-গবেষণা প্রণালী ও তাহার জ্ঞান কতটুকু পৃথক হইবে, তাহা স্থির করা সহজ হইয়া পড়ে। সুতরাং গবেষণার সুশৃংখল তথ্যপঞ্জী ও ইতিহাস ভাবী-গবেষক, গবেষণা-পরিচালক, গবেষণা-পরীক্ষক প্রভৃতি সকলের জন্য অত্যন্ত আবশ্যিক।

এই জাতীয় গ্রন্থ-সংকলন খুব সহজ কাজ নহে। যিনি এই কাজ করেন, গবেষণা সম্বন্ধে তাঁহার সম্যক ধারণা থাকা আবশ্যিক। অধিকন্তু, এই কাজ অত্যন্ত সময় ও শ্রমসাপেক্ষ। গবেষণার যেমন শেষ নাই, এই জাতীয় গ্রন্থেরও শেষ নাই। নূতন নূতন গবেষণার তথ্য এই জাতীয় গ্রন্থে যোগ করিতে হয়। নতুবা ইহার আবশ্যিকতা আধুনিকতম সংকলন হইতে তুলনামূলকভাবে হ্রাস পাইয়া থাকে।

বাংলা-ভাষা ও সাহিত্যের গবেষণা-ক্ষেত্রে আলোচ্য গ্রন্থটিকে প্রথম-প্রচেষ্টা বলিয়া উল্লেখ করিতে হইবে। সুতরাং, যে-কোন প্রথম-প্রচেষ্টার অপূর্ণতা ইহাতে না থাকিয়া পারে না। এতৎসত্ত্বেও, এ-প্রচেষ্টা প্রায় স্বয়ং সম্পূর্ণ। ইহা যে উচ্চতর জ্ঞানসাধনার জন্য একটি অতি মূল্যবান সহায়ক গ্রন্থ, তাহাতে আমার কোন সন্দেহ নাই। বহু বাধা-বিঘ্ন অতিক্রম করিয়া অল্প সময়ের মধ্যে (১৯৭০-১৯৭৫) এমন একটি মহামূল্যবান গ্রন্থ সংকলন করিয়া ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামান সাহেব যে একক-কাজ সমাধা করিয়াছেন, তজ্জন্য আমি তাঁহাকে অভিনন্দিত করিতেছি।

এই জাতীয় সংকলন-গ্রন্থের প্রকাশ ব্যক্তিগত চেষ্টায় আজকালকার দিনে সম্ভবপর নহে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে গ্রন্থটি প্রকাশিত হইয়াছে বলিয়া আমি অত্যন্ত আনন্দিত হইয়াছি। কারণ, এই বিশ্ববিদ্যালয় দেশের বৃহত্তম জ্ঞান-কেন্দ্র এবং এমন প্রতিষ্ঠান হইতেই এই গ্রন্থটি প্রকাশিত হইয়াছে বলিয়া বলিব “যোগ্যং যোগ্যেন যুজ্যতে”।

মুহাম্মদ এনামুল হক